



প্রেস রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে

আন্তঃবিভাগ সাতাঁর ও ওয়াটারপোলো প্রতিযোগিতা ২০২২ উদ্বোধন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ০৭ সেপ্টেম্বর ২০২২খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে শুরু হয়েছে আন্তঃবিভাগ সাতাঁর ও ওয়াটারপোলো প্রতিযোগিতা ২০২২। অদ্য ০৭ সেপ্টেম্বর ২০২২ তারিখ দুপুর ১২ টায় বেলুন-ফেস্টুন উড়িয়ে প্রতিযোগিতার উদ্বোধন করেন অনুষ্ঠানের প্রধান অতিথি উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। উদ্বোধন শেষে এক সংক্ষিপ্ত প্রতিক্রিয়ায় উপাচার্য মহোদয় শিক্ষা, গবেষণা ও সহশিক্ষা কার্যক্রমের সমন্বয়ে বরিশাল বিশ্ববিদ্যালয়কে জাতীয় ও আন্তর্জাতিক পরিমন্ডলে একটি অনন্য উচ্চশিক্ষা প্রতিষ্ঠান হিসেবে পরিচিত করতে সকলকে একযোগে কাজ করার পাশাপাশি সহনশীলতার মাধ্যমে ঐক্যবদ্ধভাবে বরিশাল বিশ্ববিদ্যালয়কে এগিয়ে নিতে সকলের প্রতি আহবান জানান। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। শারীরিক শিক্ষা দপ্তরের পরিচালক রিফাত মাহমুদের সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন শিক্ষক সমিতির সভাপতি, সাধারণ সম্পাদক, বিভিন্ন হলের প্রভোস্টবৃন্দ, বিভাগীয় প্রধান, পরিচালক, শিক্ষকমন্ডলী, দপ্তর প্রধান, শিক্ষার্থীবৃন্দসহ শারীরিক শিক্ষা দপ্তরের অন্যান্যরা। আন্তঃবিভাগ সাতাঁর প্রতিযোগিতায় বিশ্ববিদ্যালয়ের ১৬টি বিভাগের ৬৪ জন শিক্ষার্থী এবং ওয়াটারপোলো প্রতিযোগিতায় বিশ্ববিদ্যালয়ের ১২টি বিভাগের ৯৬ জন শিক্ষার্থী অংশগ্রহণ করবে। প্রতিযোগিতাটি আগামী ০৮ সেপ্টেম্বর ২০২২ তারিখ শেষ হবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

জনসংযোগ অফিস
বরিশাল বিশ্ববিদ্যালয়